**অতীব জরুরী**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।
www.banbeis.gov.bd

স্মারক নং ৩৭.২০.০০০০.০০৩.৩৫.১১২.২৪/২৩      তারিখ: ২০ ভাদ্র ১৪৩১ / ০৪ সেপ্টেম্বর ২০২৪

**বিষয়: বার্ষিক শিক্ষা প্রতিষ্ঠান জরিপ ২০২৪ এর আওতায় Online Software ব্যবহার করে তথ্য প্রেরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) দেশের সকল প্রাথমিকোত্তর শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষাতথ্য ও পরিসংখ্যান সংগ্রহ, সংকলন এবং সরবরাহের দায়িত্বে নিয়োজিত একমাত্র সরকারি সংস্থা। শিক্ষা সংশ্লিষ্ট পরিকল্পনা প্রণয়ন ও শিক্ষা ব্যবস্থাপকগণের চাহিদা অনুযায়ী নির্ভুল তথ্য সরবরাহ নিশ্চিত করা, SDG4 বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুতসহ শিক্ষা ক্ষেত্রে সঠিক পরিকল্পনা প্রণয়নের জন্য নির্ভরযোগ্য ও হালনাগাদ তথ্যের প্রয়োজন। এ লক্ষ্যে প্রতিবছরের ন্যায় এ বছরও Online Software ব্যবহারের মাধ্যমে দেশের সকল প্রাথমিকোত্তর শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য সংগ্রহ কার্যক্রম নিম্নোক্ত অঞ্চল ও তারিখ অনুযায়ী পরিচালিত হবে।

| শিক্ষা অঞ্চল | তথ্য সংগ্রহের মেয়াদ |
|---|---|
| ক) ঢাকা, ময়মনসিংহ ও সিলেট শিক্ষা অঞ্চলের ২১ টি জেলা | ০১-০৮ অক্টোবর ২০২৪ |
| খ) কুমিল্লা, চট্টগ্রাম ও খুলনা শিক্ষা অঞ্চলের ২১ টি জেলা | ০৯-১৬ অক্টোবর ২০২৪ |
| গ) রাজশাহী, রংপুর ও বরিশাল শিক্ষা অঞ্চলের ২২ টি জেলা | ১৭-২৪ অক্টোবর ২০২৪ |

২। যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে ইন্টারনেট (Online) সুবিধা নেই, সেইসব শিক্ষা প্রতিষ্ঠানসমূহ উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (UITRCE), ব্যানবেইস এর সাইবার সেন্টার থেকে তথ্য প্রেরণ করতে পারবেন।

৩। বর্ণিতাবস্থায়, উপজেলা/থানা সুপারভাইজার হিসেবে উপজেলা/থানাস্থ প্রাথমিকোত্তর সকল শিক্ষা প্রতিষ্ঠানের নির্ভুল তথ্য Online Software ব্যবহার করে নির্ধারিত তারিখের মধ্যে ব্যানবেইস সার্ভারে প্রেরণ নিশ্চিতকরণ এবং শিক্ষা প্রতিষ্ঠান প্রধান বরাবর প্রেরিত পত্রটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণের নিকট প্রেরণ নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্ত: ক) প্রতিষ্ঠান প্রধানের চিঠি
খ) জরিপ ক্যালেন্ডার।

৪/৯/২০২৪

(প্রফেসর মোঃ আনোয়ার হোসেন মৃধা)
পরিচালক (পরিসংখ্যান)
ফোন: +৮৮-০২- ৪১০৬০৭৩৩
E-mail: anwarmridha1968@gmail.com

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)
উপজেলা/থানা: .........................................
জেলা: ..................................................

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা;
৪। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
৫। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৬। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ................................অঞ্চল;
৭। উপপরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ................................অঞ্চল;
৮। উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ................................অঞ্চল;
৯। জেলা শিক্ষা অফিসার .............................................;
১০। অফিস নথি।